**THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING**

**UCHCHA MADHYAMIK PARIKSHA, 2025**

# পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্তবিদ্যালয় সংসদ

## উচ্চমাধ্যমিক পরীক্ষা, ২০২৫

বাংলা (দ্বিতীয় ভাষা)

**Bengali (2nd Language)**

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** — **পূর্ণমান ঃ ৮০**

**Time : 3 Hours 15 Minutes** — **Full Marks : 80**

**পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ**

**(General Instructions for the Examinees)**

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।
Candidates should write their Name, Roll No. and Registration No. in their respective answer scripts.

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

First 15 Minutes are allotted for reading the question paper.
Answers should be in brief and to the point.

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

Write correct question no. against each answer.

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

Special credit will be given for answers which are brief and to the point.
Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.
In the right side the marks of questions are given.

## বিভাগ-‘ক’

(i) নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ ১×১২=১২

১। ‘বলাই’ গল্পটির লেখক—

(ক) সত্যজিৎ রায় (খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

(গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) সুনীল গঙ্গোপাধ্যায়

২। ‘বসন্তের কোকিল’ রচনাটি বঙ্কিমচন্দ্রের কোন গ্রন্থের অন্তর্গত?

(ক) কমলাকন্তের দপ্তর (খ) কৃষ্ণচরিত্র

(গ) বিড়াল (ঘ) সাম্য

৩। ‘কোনি’ উপন্যাসটির লেখক—

(ক) মতি নন্দী (খ) রাজশেখর বসু

(গ) রামরাম বসু (ঘ) প্রেমেন্দ্র মিত্র

৪। শ্রীমতী কোথায় গিয়েছিল?

(ক) মন্দিরে (খ) দরগায়

(গ) গির্জায় (ঘ) স্তূপপদমূলে

৫। ‘বর্ণমালা আমার দুঃখিনী বর্ণমালা’ কবিতায় যে দ্বীপের উল্লেখ আছে সেই দ্বীপের নাম হল—

(ক) সবুজ দ্বীপ (খ) রত্নদীপ

(গ) মালদ্বীপ (ঘ) কাকদ্বীপ

৬। মদনমোহন তর্কালঙ্কার হলেন—

(ক) ঔপন্যাসিক (খ) ছোটোগল্পকার

(গ) শিশুসাহিত্যিক (ঘ) প্রাবন্ধিক

৭। চর্যাপদের মোট কবির সংখ্যা ছিল—

(ক) ছাব্বিশ জন (খ) বাইশ জন

(গ) একুশ জন (ঘ) চব্বিশ জন

৮। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যটি কত খ্রিস্টাব্দে বঙ্গীয় সাহিত্য পরিষৎ থেকে প্রকাশিত হয়?

(ক) 1911 খ্রিস্টাব্দে (খ) 1916 খ্রিস্টাব্দে

(গ) 1924 খ্রিস্টাব্দে (ঘ) 1925 খ্রিস্টাব্দে

৯। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের শেষ খণ্ডটির নাম হল—

(ক) বংশী খণ্ড (খ) রাধাবিরহ

(গ) বৃন্দাবন খণ্ড (ঘ) যমুনা খণ্ড

১০। কোন মাছ দেখে লেখকের হাঙরের বাচ্চা মনে হয়েছিল?

(ক) তিমি (খ) বনিটো

(গ) ইলিশ (ঘ) ডলফিন

১১। ‘গ্যালিলিও’ প্রবন্ধটির রচয়িতা হলেন—

(ক) জগদীশচন্দ্র বসু (খ) প্রফুল্লচন্দ্র রায়

(গ) সত্যেন্দ্রনাথ বসু (ঘ) মেঘনাদ সাহা

১২। “স্বপন দিয়েছে দেবী”—দেবী কাকে ‘স্বপন’ দিয়েছেন?

(ক) নক্ষত্ররায়কে (খ) রঘুপতিকে

(গ) জয়সিংহকে (ঘ) গোবিন্দমাণিক্যকে

## বিভাগ-‘খ’

(ii) নীচের *যেকোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৬=১২

১। কোন গাছ ছিল বলাইয়ের ‘প্রতিরূপ’?

২। ‘‘তুমি বসন্তের কোকিল, বেশ লোক’’—কথাটি কাকে উদ্দেশ করে বলা হয়েছে?

৩। অবিশ্রান্ত বৃষ্টির রাতে নশীবাবুর বাড়িতে কী ঘটনা ঘটে?

৪। ‘‘তোমাকে উপড়ে নেবে।’’—কাকে উপড়ে নেওয়ার কথা বলা হয়েছে?

৫। ‘‘তুমি আর আমি অবিচ্ছিন্ন।’’—তুমি আর আমি কে?

৬। ‘‘দু-হাতে খুলেছে, ভেঙেছে খিল’’—কথাটির অর্থ কী?

৭। ‘‘দৃষ্টি সেখানে’’—কার দৃষ্টি কোথায়?

৮। ‘আমরা এসেছি’ কবিতাটি কার লেখা?

## বিভাগ-‘গ’

**১**। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ‘বর্ণমালা আমার দুঃখিনী বর্ণমালা’ কবিতায় মাতৃভাষার প্রতি কবির অনুরাগ কীভাবে প্রকাশ পেয়েছে তা বুঝিয়ে দাও। ৫

(খ) ‘লোহার ব্যথা’ কবিতাটির নামকরণ যথার্থ হয়েছে কি না আলোচনা করো। ৫

(গ) ‘‘দুঃখ-যুগের ধারায় ধারায়
যারা আনে প্রাণ, যারা তা হারায়
তারাই ভরিয়ে তুলেছে সাড়ায়, হৃদয় বিল।’’
— এই পঙ্‌ক্তিগুলির মধ্যে দিয়ে কবি কী বোঝাতে চেয়েছেন? ৫

২। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ‘‘ও খিল খিল করে হেসে উঠত’’—‘ও’ কে? তার এমন করে হেসে ওঠার কারণ কী? ১+৪

(খ) ‘‘যে সুন্দর, তাকেই ডাকি; যে ভালো, তাকেই ডাকি’’—লেখক ‘সুন্দর’ বলতে প্রবন্ধে কী বোঝাতে চেয়েছেন, সংক্ষেপে আলোচনা করো। ৫

(গ) দারিদ্র্য আর বঞ্চনার বিরুদ্ধে কোনির যে লড়াই তা সংক্ষেপে আলোচনা করো। **৫**

**৩**। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৬×১=৬

(ক) ‘‘রথের নেই দেখা। চাকার নেই শব্দ।’’—উক্তিটির বক্তা কে? উক্তিটির প্রসঙ্গ উল্লেখ করো। রথ না দেখতে পাওয়ার ফলে কী পরিস্থিতি পরিলক্ষিত হয়েছিল তা নাট্যাংশ অবলম্বনে আলোচনা করো। ১+২+৩

(খ) ‘গুরু’ নাটকের সুভদ্র চরিত্রটি বিশ্লেষণ করো। ৬

৪। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) চর্যাপদ কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? চর্যার ভাষা সম্পর্কে দু-এক কথা লেখো। ১+১+১+২

(খ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের কাব্যবৈশিষ্ট্য আলোচনা করো। ৫

(গ) চণ্ডীদাস কোন পর্যায়ের শ্রেষ্ঠ কবি? জ্ঞানদাসকে চণ্ডীদাসের ভাবশিষ্য বলা হয় কেন? ১+৪

(ঘ) ‘মঙ্গলকাব্য’ কাকে বলে? ‘মঙ্গল’ নামকরণের কারণ কী? ২+৩

৫। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ‘মহাকাশের দূত’ গল্পের সূচনায় কে, কোথা থেকে শঙ্কুকে পত্র লিখেছিলেন? পত্রটির বিষয়বস্তু লেখো। ২+৩

(খ) প্রফেসর শঙ্কু সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫

(গ) তুতানখামেনের সমাধি খননের পৃষ্ঠপোষকের নাম কী? তাঁর মৃত্যু কীভাবে হয়েছিল? এই মৃত্যুর সঙ্গে অন্য মৃত্যুর সংযোগ ছিল কি? ১+২+২=৫

৬। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) উপসর্গ ও অনুসর্গ কাকে বলে উদাহরণ দাও। ২½+২½=৫

(খ) পদ পরিবর্তন করো ঃ ১×৫=৫

অনুরাগ

ক্ষতি

প্রীতি

ভক্তি

লাভ

(গ) সন্ধি বিচ্ছেদ করো ঃ ৫×১=৫

পরীক্ষা

সতীশ

মরূদ্যান

স্বেচ্ছা

গণেশ

৭। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ভাব সম্প্রসারণ করো ঃ ৫

"সবার উপর মানুষ সত্য, তাহার উপর নাই।"

(খ) চলিত ভাষায় বঙ্গানুবাদ করো ঃ ৫

Man is social animal. He cannot live alone. No person can be happy without having sincere friends. But selfish person fail to make real friendship. Because to get love, you must give love in return.

(গ) প্লাসটিক ব্যবহার নিয়ে দুই বন্ধুর মধ্যে একটি সংলাপ রচনা করো। ৫×১=৫

৮। *যেকোনো একটি* বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করো ঃ ১০×১=১০

(ক) পরিবেশ দূষণ ও তার প্রতিকার

(খ) সুন্দর পৃথিবী এবং ছাত্র-ছাত্রীদের ভূমিকা

(গ) বিজ্ঞান ও কুসংস্কার

(ঘ) বিদ্যালয়ের আত্মকথা